ডিআরইউ ঘটনার জেরে লতিফ সিদ্দিকীসহ ১৪ জনকে গ্রেফতার দেখালো পুলিশ



সংগৃহীত ছবি

ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) গোলটেবিল অনুষ্ঠানে সংঘটিত উত্তেজনার ঘটনায় আওয়ামী লীগের সাবেক মন্ত্রী লতিফ সিদ্দিকীসহ অন্তত ১৪ জনকে আটক করে ডিবি হেফাজতে নেয়া হয়। পরে সন্ত্রাসবিরোধী আইনে তাদের গ্রেফতার দেখানো হয়েছে। আজ শুক্রবার (২৯ আগস্ট) আদালতে তোলা হবে বলে জানিয়েছে পুলিশ।

ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) বৃহস্পতিবার (২৮ আগস্ট) দুপুরে গোলটেবিল আলোচনায় উত্তেজনার ঘটনার পর আওয়ামী লীগের সাবেক মন্ত্রী লতিফ সিদ্দিকীসহ অন্তত ১৪ জনকে আটক করে আইনশৃঙ্খলা বাহিনী। পরে তাদের ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) হেফাজতে নেয়া হয়।

পুলিশ জানায়, আটক ব্যক্তিদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক শেখ হাফিজুর রহমান (কার্জন) এবং সাংবাদিক মঞ্জুরুল আলমও রয়েছেন। রাতেই তাদের সন্ত্রাসবিরোধী আইনে গ্রেফতার দেখিয়ে শুক্রবার (২৯ আগস্ট) আদালতে তোলার সিদ্ধান্ত নেওয়া হয়।

এর আগে, ডিআরইউতে ‘মঞ্চ ৭১’ নামের একটি সংগঠনের ব্যানারে আয়োজিত গোলটেবিল বৈঠকে যোগ দেন লতিফ সিদ্দিকীসহ অন্যরা। অনুষ্ঠান চলাকালীন ‘জুলাই যোদ্ধা’ পরিচয় দিয়ে কয়েকজন ব্যক্তি লতিফ সিদ্দিকীর ওপর চড়াও হন। অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়াতে পুলিশ দ্রুত হস্তক্ষেপ করে তাকে এবং উপস্থিত অন্যদের হেফাজতে নেয়।